**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর-২৯

তারিখ : ভাদ্র ২৬, ১৪৩২ / সেপ্টেম্বর ১০, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

<u>ইলিশ মাছ রপ্তানি সংক্রান্ত।</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সেপ্টেম্বর ০৮, ২০২৫ তারিখের স্মারক নম্বর-২৬.০০.০০০০.১০১.২৮.০০২.২৪-২৩৮ এর মাধ্যমে জারিকৃত বিজ্ঞপ্তিটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে সংযোজন করা হলো ।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: ০১ (এক) পাতা



(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর: ২৬.০০.০০০০.১০১.২৮.০০২.২৪-২৩৮

২৪ ভাদ্র ১৪৩২
তারিখ: ৮ সেপ্টেম্বর ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়: ইলিশ মাছ রপ্তানি সংক্রান্ত।

প্রতিবছরের ন্যায় চলতি ২০২৫ সালে দুর্গাপূজা উপলক্ষে ১,২০০ (এক হাজার দুইশত) মে.টন ইলিশ ভারতে শর্তসাপেক্ষে রপ্তানির জন্য সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। সে আলোকে আগ্রহী রপ্তানিকারকগণের নিকট হতে আগামী ১১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (১১ সেপ্টেম্বর ২০২৫ বিকাল ৫টা পর্যন্ত) হার্ড কপিতে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনের সাথে সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ইআরসি, আয়কর সার্টিফিকেট, ভ্যাট সার্টিফিকেট, বিক্রয় চুক্তিপত্র, মৎস্য অধিদপ্তরের লাইসেন্সসহ সংশ্লিষ্ট দলিলাদি দাখিল করতে হবে।

০২। প্রতি কেজি ইলিশের ন্যূনতম রপ্তানি মূল্য ১২.৫ মার্কিন ডলার সরকার কর্তৃক নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে যারা আহবান ব্যতিরেকেই আবেদন করেছেন, তাদেরকেও নতুনভাবে আবেদন দাখিল করতে হবে।

০৩। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় কার্যার্থে ও অবগতির জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

০৮/০৯/২০২৫

(এস.এইচ.এম. মাগ্‌ফুরুল হাসান আব্বাসী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৭
ইমেইল: export2@mincom.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১ কাওরানবাজার, ঢাকা।
৬। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৭। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৮। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সভাপতি, এফবিসিসিআই, ৬০ মতিঝিল সি/এ, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, বাণিজ্য মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সভাপতি, বাংলাদেশ মৎস্য রপ্তানিকারক ও আমদানিকারক সমিতি, ২২/৬, কারওয়ান বাজার লেন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
১৩। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, স্কাইলার্ক পয়েন্ট (১০ তলা) ২৪/এ বিজয় নগর, নর্থ সাউথ রোড, ঢাকা।